অতএবাধুনিকেষু মহানুভাবলক্ষণবৎস্থ তদ্দর্শনেঽপি নাবিশ্বাসঃ কর্ত্তব্যঃ। কুত্রচিদ্ভগবদুপাসনাবিশেষেনৈব তাদৃশমানুষঙ্গিকং ফলমুদয়তে, যথা—যদৈকপাদেন স পার্থিবাত্মজস্তস্থৌ তদঙ্গুষ্ঠনিপীড়িতা, মহী ননাম তত্রার্দ্ধমিভেন্দ্রাধিষ্ঠিতা তরীব সব্যেতরতঃ পদে পদে ॥ ১৫৬ ॥

অত্র সর্ব্বাত্মকতয়ৈব বিষ্ণুসমাধিনা তাদৃক্ ফলমুদিতং। এতাদৃশ্যুপাসনা চাস্য ভাবিজ্যোতির্ম্মণ্ডলাত্মকবিশ্বচালনপদোপযোগিতয়েংদিতেতি জ্ঞেয়ম্ ॥ ৫॥৫ ॥ শ্রীমৈত্রেয়ঃ ॥ ১৫৬ ॥

অথ ভগবন্নিষ্ঠাচ্যাবক বস্ত্বন্তরাভিনিবেশো যথা—এবমঘটমানমনোরথাকুলহৃদয়ো মৃগদারকাভাসেন স্বারব্ধকর্ম্মণা যোগারম্ভনতো বিভ্রংশিতঃ স যোগতাপসো ভগবদারাধন লক্ষণাচ্চেতি ॥ ১৫৭ ॥

স শ্রীভরতঃ। অত্রৈবং চিন্ত্যম্। ভগবদ্ভক্ত্যন্তরায়কং সামান্যমারব্ধকর্ম্ম ন ভবিতমর্হতি দুর্ব্বলত্বাৎ, ততঃ প্রাচীনাপরাধাত্মকমেব তল্লভ্যতে ইন্দ্রদ্যুম্নাদীনামেবেতি ॥৫॥৭। শ্রীশুকঃ।

অতএব, মহানুভাবগণের লক্ষণযুক্ত আধুনিক ভক্তগণে নানাপ্রকার বিপত্তিদর্শন করিয়াও অবিশ্বাস করা কর্ত্তব্য নয় ; অর্থাৎ যে জন শ্রীভগবানে ঐকান্তিক ভক্ত হইবেন, তাঁহার এইপ্রকার অন্তরায় হইবে কেন ! কারণ শ্রীপ্রহ্লাদ প্রভৃতি মহানুভবগণ ভক্তি-শক্তির প্রভাবে নিখিল বাধা-বিপত্তি পরাভব করিয়াছেন, "ইনি যখন সেই সকল বিপত্তি বিনাশ করিতে পারিতেছেন না, তখন ইনি উত্তম ভাগবত নহেন" - এইরূপ অবিশ্বাস করা কর্ত্তব্য নহে, অথবা কোন ভাগবত ভক্তিশক্তি-প্রভাবে উপস্থিত অন্তরায়সকল বিনাশ করিতেছেন দেখিয়া ইনি বিশুদ্ধ ভাগবত নহেন এইরূপ অবিশ্বাস করা অনুচিত। কোনও ভক্তবিশেষে উপাসনার বৈশিষ্ট্য অনুসারেই অপ্রার্থিত ভাবেও ভক্তির আনুষঙ্গিক পূর্ব্ববর্ণিত তাদৃশ ফলের উদয় হইয়া থাকে। যেমন ধ্রুব মহাশয় যখন সমাধিস্থ হইয়াছিলেন, তখন সেই রাজনন্দন ধ্রুব একপাদে দাঁড়াইয়াছিলেন। সেই সময়ে তাঁহার চরণের অঙ্গুষ্ঠভরে নিপীড়িতা হইয়া গজরাজ নৌকাতে উঠিলে যেমন পদে পদে নৌকাখানি দক্ষিণ, বামদিকে নোয়াইয়া পড়ে, সেইপ্রকার পৃথিবীও অর্দ্ধেক নতা হইয়াছিল। এইস্থানে সর্ব্বব্যাপকরূপেই বিষ্ণুতে সমাধিস্থ হওয়ায় অপ্রার্থিত ভাবেও এতাদৃশ ফল উদিত হইয়াছিল। ধ্রুব মহাশয়ের এইরূপ উপাসনাটিও জ্যোতির্ম্মণ্ডলাত্মক বিশ্বপরিচালন পদের উপযোগীতারূপেই উদিত হইয়াছিল। এইস্থানের অভিপ্রায় এই যে, উপাসনার ফলরূপে শ্রীধ্রুবমহাশয় যে ধ্রুবলোকে গমন করিয়াছিলেন, সেই ধ্রুবলোকটি জ্যোতিশ্চক্রের মেধী।